

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৬২৪

পর্ব-১১: হজ (এআনা باتك)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - পাথর মারা

আরবী

وَعَنْ عَائِشَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ﴿إِنَّمَا جُعِلَ رَمْيُ الْجِمَارِ وَالسَّعْيُ بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ لِإِقَامَةِ ذِكْرِ اللَّهِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَالدَّارِمِيُّ وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ

বাংলা

২৬২৪-[৭] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ (জামারায়) পাথর মারা ও সাফা মারওয়ার মধ্যে সা'ঈ করা আল্লাহ যিকির কায়িম করার জন্যই প্রবর্তিত হয়েছে। (তিরমিয়ী ও দারিমী; ইমাম তিরমিয়ী বলেন, হাদীসটি হাসান সহীহ)[1]

ফুটনোট

[1] য'ঈফ : তিরমিয়ী ৯০২, দারিমী ১৮৯৫, মুসতাদরাক লিল হাকিম ১৬৮৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: কংকর নিক্ষেপ করা এবং সাফা ও মারওয়া সা'ঈ করা নির্ধারণ করা হয়েছে আল্লাহর যিকির কায়িম করার জন্য। মুল্লা 'আলী কারী হানাফী (রহঃ) বলেনঃ এ সকল বারাকাতময় স্থানে আল্লাহর স্মরণ করা আর গাফেল হওয়ার থেকে বেঁচে থাকার জন্য যিকিরকে খাস করা হয়েছে। কারণ সকল 'ইবাদাতের লক্ষ্য হলো, আল্লাহকে স্মরণ করা। খাম্বায় কংকর নিক্ষেপ করা আর সাফা মারওয়ার মধ্যে সা'ঈ করা সুন্নাত হয়েছে আল্লাহর স্মরণের জন্য, অর্থাৎ- 'আল্লা-হু আকবার' বলা প্রত্যেক উচ্চস্থানে আরোহণের জন্য। উল্লেখিত দু'আ সা'ঈর মধ্যে সুন্নাত। উক্ত হাদীস উৎসাহিত করছে হজ্জের সুন্নাতসমূহ হিফাযাত করতে। যেমনঃ তাওয়াফে আল্লাহকে স্মরণ করা। আল্লাহ তা'আলা সূরা বাক্বারায় ২০৩ নং আয়াতে ইরশাদ করেন, "তোমরা আল্লাহকে স্মরণ করো নির্ধারিত দিনগুলোতে"।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন